104

দৈনিক ইনকিলাব

তারিখ 0 2 DEC 1989
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮

# সরকার ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ বজায় রাখিতে দৃঢ় প্রতিজ্ঞ

## —শিক্ষা মন্ত্রী

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি লইয়া গতকাল (শুক্রবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক আবদুল মান্নান ও প্রক্টর ডঃ আমিনুর রহমান শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সাথে তাহার বাসভবনে এক বৈঠকে মিলিত হন।

বৈঠকে ভাইস চ্যান্সেলর কি
(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

( ১ম পৃঃ পর )

পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের ক্লাস-সমূহ ও পরীক্ষা স্থগিত করা হইয়াছে তাহা সরকারের অবগতির জন্য শিক্ষামন্ত্রীর কাছে ব্যাখ্যা করেন এবং সিণ্ডিকেটের ৩০শে নভেম্বরের জরুরী সভার সিদ্ধান্ত সম্পর্কে অবহিত করেন। সিণ্ডিকেটের সভার ৬নং প্রস্তাবের কথা উল্লেখ করিয়া তিনি বলেন, এই পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের হলসমূহ এবং বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাসের সর্বত্র কড়া পুলিশ প্রহরা ব্যবস্থা জোরদার করা এবং সকলের নিরাপত্তা বিধানের জন্য সরকারের সহযোগিতা প্রয়োজন।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র আরিফ আহমেদ নিহত হওয়ায় গভীর শোক প্রকাশ করেন এবং তাহার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি বলেন, আরিফ আহমেদের মত একজন প্রতিভাবান ছাত্রের হত্যাকাণ্ডের শোক সহ্য করা তাহারপরিবারেরজন্যঅত্যন্তকষ্টকর। মন্ত্রী ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতিতে গভীর উদ্বেগ প্রকাশ করিয়া বলেন, সরকার বিশ্ববিদ্যালয় চত্বরে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরাইয়া আনিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সহায়তা অতীতেও প্রদান করিয়াছে এবং ভবিষ্যতেও তাহা অব্যাহত থাকিবে।

শিক্ষামন্ত্রী ঢাকা বিশ্ববিদ্যালয়ে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখিবার স্বার্থে স্থায়ী নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিণ্ডিকেটকে প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়নের আহ্বান জানান। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের ঘটনাবলী লইয়া দেশের রাজনৈতিক দলসমূহ ও ছাত্র সংগঠনসমূহের নতুন করিয়া চিন্তা-ভাবনা করা উচিত। কারণ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের এই সকল ঘটনাবলী ক্যাম্পাসের বাহিরের ঘটনাবলীরই প্রতিফলন।

শিক্ষামন্ত্রী বলেন, আমাদের অভিভাবকগণ তাহাদের সন্তানদের বিশ্ববিদ্যালয়ে শিক্ষা গ্রহণের জন্য প্রেরণ করেন, লাশ হইয়া ফিরিয়া আসিবারজন্য নহে। মন্ত্রী দৃঢ়তারসাথে পুনরুল্লেখ করিয়া বলেন, ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ অব্যাহত রাখা ও ছাত্র-ছাত্রীদের জীবনকে বিকশিত করার উদ্যোগ ছাড়া সরকারের অন্য কোন স্বার্থ নাই। —তথ্য বিবরণী।